42

দৈনিক বাংলা

তারিখ 22 JUN 1997
পৃষ্ঠা ৪ কলাম ৩

# শিক্ষা মন্ত্রণালয়ের সার্কুলার প্রত্যাহারের আহ্বান

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ কামরুজ্জামান ও সাধারণ সম্পাদক চৌধুরী খুরশীদ আলম শনিবার এক যুক্ত বিবৃতিতে শিক্ষা মন্ত্রণালয়ের গত ২৩ এপ্রিলের জারিকৃত সার্কুলারটি প্রত্যাহার করার জন্য আহ্বান জানিয়েছেন।

নেতৃদ্বয় বিবৃতিতে বলেন, ২৩ এপ্রিলের সার্কুলারে জনগণের উদ্যোগে নতুন বিদ্যালয় প্রতিষ্ঠায় ৫০ হাজার টাকার স্থায়ী তহবিল ও ৩০ হাজার টাকার সাধারণ তহবিল সংরক্ষণ এবং প্রথম ধাপে ৩ বছর মেয়াদী বিশেষ অনুমতিকালীন নিম্নমাধ্যমিক স্কুলের ক্ষেত্রে কমপক্ষে ১০ জন জুনিয়র বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ ও ৭০ শতাংশ উত্তীর্ণ ফলাফল অর্জন মাধ্যমিক স্কুলের ক্ষেত্রে ৯ম শ্রেণীর ৭৫ শতাংশ শিক্ষার্থী মাধ্যমিক পরীক্ষার জন্য নির্বাচন ও ৫০ শতাংশ পরীক্ষার্থীকে পাস বাধ্য বাধকতার কথা উল্লেখ করা হয়। এছাড়া পাঁচ বছর মেয়াদী স্বীকৃতির জন্য এককালীন ৩ হাজার টাকা, স্থায়ী স্বীকৃতির জন্য এককালীন ৫ হাজার টাকা এবং স্কুলের স্বীকৃতি, সংরক্ষণ ফিস বাবদ ৪০০ টাকা দেয়ার শর্তারোপ করা হয়।

বর্তমান ৩ বছর মেয়াদী স্বীকৃতি নবায়নে গড়ে বার্ষিক ফিস দিতে হয় ২০০ টাকা। নতুন নিয়মে দুই ধাপে দিতে হবে ৮ হাজার টাকা এবং সংরক্ষণ ফিস ৪০০টাকা। সরকারের "সবার জন্য শিক্ষা" এই কর্মসূচী বাস্তবায়নের স্বার্থে অবিলম্বে ২৩ এপ্রিলের সার্কুলার প্রত্যাহার করতে হবে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।